



কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
লেবুজাতীয় ফসলের সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্প
ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
citrusprojectdae@gmail.com

স্মারক নং-১২.০১.০০০০.০৪১.২৯.০১৮.১৯- ২৩২০

তারিখঃ ১৯ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২২ খ্রি.

বিষয় : মাল্টা গাছে বৈজ্ঞানিক পদ্ধতিতে সার প্রয়োগ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লেবুজাতীয় ফসলের সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় প্রকল্পভুক্ত উপজেলায় মাল্টা ফসলের উল্লেখযোগ্য সংখ্যক প্রদর্শনী স্থাপন করা হয়েছে। স্থাপনকৃত প্রদর্শনীসমূহ হতে সর্বোচ্চ এবং গুণগত মানের ফসল নিশ্চিত করতে হলে সঠিক সময়ে বৈজ্ঞানিক পদ্ধতিতে সার প্রয়োগ করা অতীব জরুরী। মাল্টা বহুবর্ষজীবী উদ্ভিদ হওয়ায় গাছের বয়স অনুযায়ী সার প্রয়োগের ভিন্নতা পরিলক্ষিত হয়। তাছাড়া মাটির প্রকার ও উর্বরতার উপর ভিত্তি করে সারের পরিমাণ কম বেশি হতে পারে। সময়মতো সঠিক মাত্রার সার প্রয়োগ মাল্টা গাছের সঠিক বৃদ্ধির পাশাপাশি এর রোগ প্রতিরোধ ক্ষমতাও বৃদ্ধি করে। তাছাড়া মাল্টার রস বৃদ্ধি এবং গুণগত মান বৃদ্ধিতে সঠিক মাত্রার সার প্রয়োগের ভূমিকা রয়েছে। নিম্নবর্ণিত ছক অনুযায়ী মাল্টা গাছে সার প্রয়োগের জন্য অনুরোধ করা হলো।

সারণী-১ সারের পরিমাণ (গ্রাম/গাছ/বছর) (সূত্রঃ এইচআরসি, বিএআরআই, ২০১১)

গাছের বয়স (বছর)	সারের পরিমাণ (গ্রাম/গাছ/বছর)					জৈব সার/গোবর সার (কেজি/গাছ/বছর)
	ইউরিয়া	টিএসপি	এমওপি	জিংক সালফেট	বরিক এসিড	
১-২	২৫০	১৫০	১৫০	১০	৫	১০-১২
৩-৪	৪০০	২০০	২০০	১৫	৮	১২-১৫
৫-৭	৫০০	৩০০	২৫০	২০	১০	১৫-১৮
৮-১০	৬৫০	৪০০	৩০০	২৫	১২	১৮-২০
১০ এর অধিক	৭৫০	৫০০	৪০০	৩০	১৫	২০-২৫


সারণী-২ সারের পরিমাণ (গ্রাম/গাছ/বছর) (সূত্রঃ বিএআরসি-২০১৮ ও ডিএই)

ফলন লক্ষ্যমাত্রা : $80 + 8$ (কেজি/গাছ/বছর) ১০ বছর এর উপরে

গাছের বয়স (বছর)	সারের পরিমাণ (গ্রাম/গাছ/বছর)						জৈব সার (কেজি/গাছ/বছর)
	ইউরিয়া	টিএসপি	এমওপি	জিপসাম	জিংক	বোরণ	
লাগানোর পূর্বে	-	২৫০	-	-	-	-	৭
১-২	২৪৫	১০০	১২৬	১১১	১৯	৫	৬
৩-৪	৩৬৬	২০০	১৭৬	১৩৮	২৮	৮	৭
৫-৭	৫১২	৩০০	২২৬	১৬৬	৩৮	১০	৯
৮-১০	৬৩৫	৪০০	২৭৬	১৯৪	৪৭	১৩	১০
১০ এর অধিক	৭৩৩	৫০০	৪৫০	১৯৪	৫৭	১৬	১২

সার প্রয়োগ পদ্ধতিঃ

- চারা রোপণের ১৫-২০ দিন পূর্বে সুপারিশকৃত গোবর সার, টিএসপি, এমওপি, জিপসাম, জিংক সালফেট এবং বরিক এসিড বেজাল ডোজ (Basal Dose) হিসেবে গর্তে প্রয়োগ করতে হবে এবং মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে।
- দন্ডায়মান/ক্রমবর্ধমান গাছের জন্য সুপারিশকৃত সারসমূহ অক্টোবর (ফল কাটার পর), মার্চ এবং মে মাসে তিনটি সমান ভাগে ভাগ করে প্রয়োগ করতে হবে। গাছের গোড়া থেকে ৫০-১০০ সেন্টিমিটার দূরে গাছের কেনোপি (ছাউনি) পর্যন্ত গাছের চারপাশে সার প্রয়োগ করতে হবে এবং সেচের মাধ্যমে মাটির সাথে আলতোভাবে মিশিয়ে দিতে হবে। পাহাড়ি অবস্থার অধীনে হিল/ড্রিলিং পদ্ধতি অনুসরণ করা উচিত।
- তীব্র অম্লীয় মাটির জন্য প্রতি ৩-৪ বছরে ২৫০ গ্রাম/গাছ হারে ডলোমাইট চুন প্রয়োগ করতে হবে।
- মাল্টা গাছে মাইক্রোনিউট্রিয়েন্ট বা অনুখাদ্যের অভাব হলে গাছে এর লক্ষণসমূহ তীব্রভাবে প্রকাশ পায়। এতে গাছের বৃদ্ধি ব্যহত হওয়ার পাশাপাশি এর ফলন এবং ফলের গুণাগুণের উপর নেগেটিভ প্রভাব বিস্তার করে। সাধারণত ৫০ গ্রাম জিংক সালফেট, ৪০ গ্রাম কপার সালফেট, ২৫ গ্রাম ম্যাগনেসিয়াম নাইট্রেট ও ১০ গ্রাম বরিক এসিড একত্রে ১০ লিটার পানিতে মিশিয়ে পাতায় নীচের দিকে প্রয়োগ করে উক্ত গৌণ খাদ্যোপাদানের চাহিদা পূরণের পাশাপাশি সার প্রয়োগের খরচও হ্রাস করা যায়।



ড. ফারুক আহমদ

প্রকল্প পরিচালক

ফোন-০২-৫৫০২৮৬৮৯

Accused

উপজেলা কৃষি অফিসার (১২৩)

উপজেলা-----, জেলা-----।

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (৩০)

জেলা-----।

জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। পরিচালক, হার্টিকালচার উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,----- অঞ্চল,-----।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,-----জেলা।
- ৫। মহাপরিচালকের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৬। অফিস কপি।